

# গল্প করুন, খেলুন, পড়ুন

## শিশু ও একদম ছোট বাচ্চাদের যোগাযোগ ও ভাষার বিকাশে সহায়তার জন্য মজাদার ও সহজ কিছু কাজ

National Literacy Trust

Change your story

এর সাথে অংশীদারিত্বে

Better Health

Start for Life

# গল্প করুন, খেলুন, পড়ুন

## শিশুর জীবনের সেরা সূচনার জন্য তিনটি সহজ উপায়







আপনার যদি এই বুকলেটের কাজগুলো ভালো লাগে, তাহলে আমাদের নিউজলেটারও আপনার ভালো লাগবে! প্রতি দুই সপ্তাহে সাম্প্রতিকতম গল্প করুন, খেলুন ও পড়ুন বিষয়ক কাজ, সাম্প্রতিক সংবাদ ও আরো অনেক কিছু নিয়ে এটি প্রকাশিত হবে!

**আমাদের ওয়েবসাইটে সাইন আপ করুন:**
**wordsforlife.org.uk/newsletter**

# শিশুদের জন্য সহজ ও মজাদার কাজ

## অনেক ছোটখাটো জিনিস শিশুদের মস্তিষ্ককে বিকশিত করে

শিশুরা সবকিছু আত্মস্থ করে। এমনকি খুব ছোট্ট যে কাজগুলো আপনি তাদের সাথে করেন, সেগুলোও তাদেরকে স্কুল শুরু করার ক্ষেত্রে বিশাল অবদান রাখতে পারে।

আপনার মতো আর কেউই আপনার সন্তানকে চেনে না। আপনার কাছে যে আইডিয়াগুলো সঠিক মনে হয় সেগুলো বেছে নিন, আমাদের কাজগুলো পরিবর্তন করুন অথবা নিজের কাজ বা আইডিয়াগুলোই কাজে লাগান।

আমরা জানি, আপনার সন্তানের ব্যাপারে আপনিই বিশেষজ্ঞ। এই কাজগুলোর কোনোটা কয়েক মিনিটেই করা যায়, আবার কোনোগুলো করতে দীর্ঘ সময় লাগতে পারে। আমরা চাই আপনি ও আপনার সন্তান যেন এই কাজগুলো উপভোগ করেন, সুতরাং অনুগ্রহ করে তাড়াহুড়া করবেন না। যেকোনো মুহূর্তেই আপনি ফিরতে পারেন। আপনার সন্তানের নির্দেশনা অনুসরণ করুন।

আপনি ও আপনার যখন এই বুকলেটের কাজগুলো করবেন, সেগুলোর ছবি ও ভিডিও শেয়ার করতে **#ChatPlayRead** ব্যবহার করুন। প্রত্যেকটি কাজেরও একটি ভিডিও আছে যাতে আপনি আরো তথ্যের জন্য QR কোডগুলো স্ক্যান করতে পারেন। সারা দেশ জুড়ে পরিবারগুলোকে আমাদের আইডিয়াগুলো ব্যবহার করতে দেখে আমরা আনন্দিত হই।

# বিষয়বস্তু


**গল্পগুজবের কাজ** ..... 5

গল্প করতে করতে ন্যাপি বদলানো ..... 6

আগামী দিন ..... 8

চল নৌকা বেয়ে চল ..... 9

স্মৃতিশক্তির খেলা ..... 11

**খেলাধুলার কাজ** ..... 13

পিক-আ-বু ..... 14

গোসলের সময় আনন্দ ..... 15

নিজের সাউন্ড বক্স তৈরি করুন ..... 16

জুম, জুম, জুম, উই আর গোয়িং টু দ্যা মুন ..... 18

**পড়া বিষয়ক কাজ** ..... 20

আরামদায়ক বই পড়ার সময় ..... 21

একসাথে কেনাকাটা ..... 23

টেডির ঘুরতে যাওয়া ..... 24

টুইংকল টুইংকল লিটল স্টার ..... 26

# গল্পগুজবের কাজ

আগামী দিন



স্মৃতিশক্তির খেলা



চল নৌকা বেয়ে চল



গল্প করতে করতে ন্যাপি বদলানো



# গল্প করতে করতে ন্যাপি বদলানো

## ন্যাপি বদলানোর সময় গল্প করলে শিশু কথোপকথন শিখে।



সন্তানের সাথে গল্প করলে তার ভালো লাগবে। গল্পগুজব আর মুখভঙ্গি করলে আপনার সন্তানের সাথে আপনার বন্ধন দৃঢ় হয় এবং সে মানুষ সম্পর্কে শিখতে পারে।



### জানা ভালো

প্রথম দিন থেকেই সন্তানের সাথে কথা বললে সে কথা বলার ও অন্যদের সম্পর্কে বুঝার জন্য সহায়ক উপাত্তগুলো পায়।

# ন্যাপি সময়ের জন্য সেরা টিপস



হাসিমুখে থাকুন।



বিভিন্ন মুখভঙ্গি ও শব্দ করুন।



আপনার সন্তান আপনাকে দেখতে ও অনুকরণ করতে পছন্দ করে। আপনার জিভ বের করার চেষ্টা করুন!



আপনার সন্তান যেসকল শব্দ ও মুখভঙ্গি করে সেগুলোর প্রতি সাড়া দিন।



শান্ত থাকুন যাতে আপনার সন্তান শিথিল থেকে আপনার প্রতি মনোযোগী হতে পারে।



আপনার সন্তানকে আপনার পছন্দের কোনো একটি নার্সারি ছড়াগান গেয়ে শোনান।

# আগামী দিন

## আপনি ঐ দিন কী কী করবেন তা নিয়ে কথা বললে আপনার সন্তান শিখতে পারবে।



শিশুরা রুটিন এবং পরবর্তীতে কী করা হবে জানতে পছন্দ করে।

সকাল সকাল আপনার সন্তানের সাথে আপনার পরিকল্পনাগুলো নিয়ে আলাপ করুন। এই আলাপগুলো আপনি তাকে খাওয়ানোর সময়, জামা-কাপড় বা ন্যাপি পরিবর্তনের সময়, বেড়ানোর সময় বা খেলার সময়ও করতে পারেন।

সবচেয়ে ভালো হচ্ছে যদি আপনি কাজগুলোর ক্রমানুসারে সেগুলো নিয়ে কথা বলেন। যেমন: “প্রথমে আমরা জামা পরব, এরপরে আমরা সকালের নাস্তা করব।”

বয়সের সাথে সাথে সন্তান যখন কথা বলা শিখবে, তখন আপনি তাকে রুটিন সম্পর্কে জিজ্ঞাসা করতে পারেন। উত্তর দেওয়া শিখতে তার সময় লাগতে পারে, তবে তাকে প্রশ্ন করলে সে মনোযোগী হবে।



### জানা ভালো

রুটিন ও পরবর্তীতে করণীয় সম্পর্কে জানলে আমরা নিরাপদ বোধ করি ও শিখতে পারি।

# চল নৌকা বেয়ে চল

## এই নার্সারি ছড়াটিতে মজার অনেক কাজ আর শব্দ আছে যা আপনার সন্তানকে হাসাতে পারবে।




ছোট বাচ্চাদেরকে আপনি সহজ হাঁটাচলাতে সাহায্য করতে পারেন, যেমন ধরুন তাদেরকে কোলে বসানো ও তাদেরকে নিয়ে গান গাওয়া। নিরাপদে বসতে পারলে আপনার বাচ্চা আরো বেশি বেশি স্বাধীনভাবে নড়াচড়া ও কাজ করতে পারবে।  শুধু খেয়াল রাখবেন নামার সময় যেন আস্তে আস্তে নামে!

সন্তানের হাত ধরে তার মুখোমুখি বসুন। যখন আপনি 'নৌকা বাইবেন', তখন তার হাতগুলো আস্তে করে সামনে পিছে নাড়ান। যখন আপনি ইঁদুর, কুমির বা সিংহ দেখবেন, তখন মজা নিয়ে চিৎকার বা গর্জন করুন।

### জানা ভালো

এই গানের সময় শিশু পুরো শরীর নাড়ায় বলে তার মোটর স্কিল উন্নত হয়। এতে তার ভারসাম্য ও পেশী বিকাশে সহায়তা হয়।



চল নৌকা বেয়ে চল
স্রোতে ভেসে যাই
হাসিতে আর খুশিতে
জীবনটা সাজাই।

চল নৌকা বেয়ে চল
খাল ধরে আগাই।
ছোট্ট ইঁদুর দেখলে
ডাকতে ভুলো না!

চল নৌকা বেয়ে চল
নদীতে ভেসে যাই।
পোলার বিয়ার দেখলে
কাঁপতে ভুলো না!

চল নৌকা বেয়ে চল
স্রোতে ভেসে যাই।
কুমির দেখলে পরে
চেঁচাতে ভুলো না!

চল নৌকা বেয়ে চল
তীরের পানে যাই।
সিংহ দেখলে পরে
গর্জন করতে ভুলো না!

চল নৌকা বেয়ে চল
স্রোতে ভেসে যাই।
হাসিতে আর খুশিতে
জীবনটা সাজাই।



## জানা ভালো

নার্সারি ছড়াগান গাইলে আপনার সন্তান যেহেতু শব্দ ও ছন্দের সাথে পরিচিত হয়, সেহেতু তারা কথা বলা শিখতে পারে। তারা আপনার করা শব্দ অনুকরণ করতে পারে অথবা শব্দ যোগ করতে পারে।

# স্মৃতিশক্তির খেলা

## বাড়ির জন্য এটি একটি সহজ খেলা। আপনার সন্তানকে এটি কথা বলতে, ভাবতে ও খেলতে উৎসাহিত করবে।



মজাদার এই স্মৃতিশক্তির খেলাটি বাচ্চাকে সংযোগ করতে ও সমস্যা সমাধানে সাহায্য করবে। ছোট্ট বাচ্চারা খেলনা নিয়ে কথা বলা শুরু করতে পারে এবং সেগুলো সাজানো শুরু করতে পারে। একটু বড় বাচ্চারা কোন জিনিসটি নেই সেটি খুঁজে বের করতে মজা পাবে।

### জানা ভালো


এই খেলাটি ভাষার গঠন, মনোযোগ স্থাপন ও স্মৃতিশক্তি উন্নত করতে সাহায্য করে।

**1**




আপনার সন্তানের পছন্দের কিছু খেলনা, বই আর জিনিস একত্রিত করুন। সে আপনাকে এ ব্যাপারে সাহায্য করতে পারে।

**2**




এগুলো একসাথে রেখে কী কী আছে তা নিয়ে কথা বলুন।

**3**



আপনার সন্তানকে চোখ বন্ধ করে ঘুরে দাঁড়াতে বলুন।

**4**



একটি জিনিস সরিয়ে ফেলুন। এরপরে বাচ্চাকে চোখ খুলতে বলুন আর দেখুন অনুপস্থিত জিনিসটি সে মনে করতে পারে কিনা।



## এবারে আপনার পালা

খেলাটি আপনি পাল্টাভাবেও খেলতে পারেন, আপনার বাচ্চা একটা জিনিস সরাবে আর আপনি আপনার স্মৃতিশক্তি পরীক্ষা করবেন।

# খেলাধুলার কাজ

নিজের সাউন্ড বক্স তৈরি করুন



গোসলের সময় আনন্দ





জুম, জুম, জুম,
উই আর গোয়িং টু দ্যা মুন



পিক-আ-বু

# পিক-আ-বু

## পিক-আ-বু ছোট বাচ্চাদের জন্য মজার একটি খেলা।



আপনার সন্তান যখন খুশি ও শান্ত থাকে তখন এই খেলাটি অসাধারণ হতে পারে। খেলাটি আপনি সন্তানকে কোলে নিয়ে অথবা যখন সে শুয়ে থাকে আর আপনার প্রতি মনোযোগী থাকে তখন খেলতে পারেন। খেলাটি হলো হাত বা কম্বল দিয়ে আপনার মুখ ঢাকুন। আপনার বাচ্চাকে জিজ্ঞাসা করুন, "তোমার মা/বাবা/নাম কোথায় গেল?" তারপর আপনার মুখ দেখিয়ে বলুন "পিক-আ-বু!"

### জানা ভালো

বাচ্চা যে সময়টাতে পেটে ভর দিয়ে চলে সে সময়টাতে তার পেশী শক্তিশালী হয় যা তার বসা, হামাগুড়ি দেওয়া ও হাঁটার জন্য উপকারী। আপনার সন্তানের যদি পেটে ভর দিয়ে চলা পছন্দ না হয়, তাহলে এই ধরনের কোনো খেলা তার মন ভাল রাখতে পারে।

# গোসলের সময় আনন্দ

**গোসলের সময়টি গল্প করা আর খেলার জন্য ভালো একটি সময় কারণ তখন শিশু শিথিল থাকে আর আপনার প্রতি মনোযোগী থাকে।**



আপনার বাচ্চার কথা ও কাজ অনুকরণ করে দেখুন তাদের প্রতিক্রিয়া কেমন হয়।

আপনি যা করছেন সে সম্পর্কে কথা বলুন। যেমন, তার মুখ ধুয়ে দেওয়ার সময় বলুন, "এখন তোমার মুখ ধোয়ার সময়"।

সে যদি কোনো খেলনা নিয়ে গোসল করে, তাহলে আপনি খেলনাটির সাথেও একই কাজ করতে পারেন। যেমন, "এখন ডাকির মুখ ধুয়ে দেওয়ার পালা!"

কাজটি আপনি অভিনয় করেও দেখাতে পারেন। দেখুন আপনার বাচ্চা আপনাকে অনুকরণ করে কিনা বা কোনো শব্দ করে কিনা।

## জানা ভালো

যত বেশি আপনি আপনার বাচ্চার সাথে সময় কাটাবেন, ততো বেশি সে শিখবে।

# নিজের সাউন্ড বক্স্র তৈরি করুন


**খেলনা বা ছবির সাথে কথা বলার অনেক উপায় আছে। তার মধ্যে একটি হচ্ছে শব্দ করা।**



## জানা ভালো


শব্দ সহ খেলাগুলো শিশুর মনোযোগ নিয়ে শোনার ক্ষেত্রে সাহায্য করে যা পরবর্তীতে তার যোগাযোগ দক্ষতার জন্য উপকারী।

1




কিছু পরিচিত জিনিস একত্রিত করুন। এগুলো হতে পারে খেলনা অথবা আপনার বাচ্চার পছন্দের জিনিসগুলোর ছবি। এগুলো তার ‘সাউন্ড বক্সের’ মধ্যে যাবে।

2




এরপরে, জিনিসগুলো একটি বাক্সের মধ্যে রাখুন (অথবা বালিশের কভার হলেও চলবে!)

3



আপনার সন্তানকে নিয়ে বসুন আর বাক্সের ভেতরের কোনো একটি জিনিসের শব্দ করুন। যেমন, গরুর শব্দ হয় “হাম্বা” অথবা গাড়ির শব্দ হয় “ভ্রুম”। আপনার বাচ্চাকে বলুন যে শব্দটি সে শুনেছে সেই জিনিসটি খুঁজে বের করতে।

4



বাচ্চাকে বাক্সের ভেতরে হাতড়ে সঠিক জিনিসটি বের করতে উৎসাহিত করুন। যখন সে খুঁজে বের করতে পারবে তখন তাকে বাহবা দিন এবং তাকে শিখিয়ে দিন জিনিসটি কী। যেমন, “খুব ভালো, তুমি গরুটি খুঁজে পেয়েছ!”

# জুম, জুম, জুম, উই আর গোয়িং টু দ্যা মুন

**এই নার্সারি ছড়াটিতে মজার অনেক কাজ আর শব্দ আছে যা আপনার সন্তানকে হাসাতে পারবে।**




বাচ্চাকে কোলে নিয়ে বসুন এবং আস্তে আস্তে সামনে পিছে দোলাদুলি করুন। আকাশের দিকে ইশারা করে হাত দিয়ে বৃত্তাকারে চাঁদে যাওয়ার অভিনয় করুন। গণনা করার সময়, প্রতিটি সংখ্যার শেষের দিকে গলার স্বর উঁচু করুন। বাচ্চা আর আপনি "ব্লাস্ট অফ"-এ পৌঁছানোর পর তাকে উঁচু করে তুলে ধরুন।



## জানা ভালো

এই গানের সময় শিশু হাত দিয়ে বিভিন্ন আকৃতি বানায় বলে তার মোটর স্কিল উন্নত হয়। এতে তার ভারসাম্য ও পেশী বিকাশে সহায়তা হয়।



**সকল নভোচারীর মনোযোগ আকর্ষণ করছি,**
**রকেট শিপে রিপোর্ট করুন**
**এবং ব্লাস্ট অফ এর জন্য তৈরি হন**
**ধন্যবাদ!**
**জুম, জুম, জুম,**
**আমরা চাঁদে যাচ্ছি**
**জুম, জুম, জুম,**
**আমরা চাঁদে যাচ্ছি**
**আপনি যদি ট্রিপ নিতে চান**
**আমার রকেট জাহাজে আরোহণ করুন**
**জুম, জুম, জুম**
**আমরা চাঁদে যাচ্ছি**
**10 9 8 7 6 5 4 3 2 1**

**আমরা ব্লাস্ট অফ করেছি!**

"ব্লাস্ট অফ"-এ পৌঁছানোর পর
বাচ্চাকে উঁচু করে তুলে ধরুন।

## জানা ভালো

আপনার আশেপাশের লাইব্রেরিতেই আপনি নার্সারি ছড়ার বইগুলো পাবেন। মাঝেমধ্যে লাইব্রেরিগুলো বিনামূল্যে ছড়ার সেশন পরিচালনা করে।

# পড়া বিষয়ক কাজ



টুইংকল টুইংকল লিটল স্টার

আরামদায়ক বই পড়ার সময়



একসাথে কেনাকাটা





টেডির ঘুরতে যাওয়া

# আরামদায়ক বই পড়ার সময়

## শিশুরা বইয়ের ছবি দেখতে ও গল্প শুনতে ভালবাসে।



প্রতিদিন সময় করে একটি বই পড়লে বাচ্চার বিকাশে সহায়ক হবে। এটি তাকে মনোযোগী হতে ও শব্দ শিখতে সাহায্য করবে। একসাথে নীরব, আরামদায়ক সময় পাওয়ার ভাল সুযোগও এটি।

টেবিলের উপরে একটি কম্বল ঝুলিয়ে আর নিচে কুশন বিছিয়ে একটি আরামদায়ক কুঠুরির মতো তৈরি করুন। চাইলে বাইরেও আপনি এমন কুঠুরি তৈরি করতে পারেন। অপ্রত্যাশিত কোনো জায়গায় একসাথে বই পড়া এক চমকপ্রদ অনুভূতি এবং বাচ্চারা বই পড়াকে রোমাঞ্চকর বলে ভাবতে শুরু করবে।

বইয়ের প্রতি বাচ্চার ভালবাসা তৈরি করার জন্য তার রুটিনে স্টোরি টাইম রাখতে পারেন। ঘুমানোর আগে বই পড়া বেশ উপকারী। চুপচাপ বই দেখলে বাচ্চা বুঝতে পারবে যে এখন বিশ্রাম নেওয়ার বা শুয়ে পড়ার সময়।

অথবা দিনের মাঝখানেও এমন হতে পারে – যখনই আপনার মনে হবে যে কিছুটা নিরিবিলি সময় প্রয়োজন।

### জানা ভালো

লাইব্রেরিতে যাওয়া আপনার ও আপনার সন্তান দুজনের জন্যই একটি সামাজিক অভিজ্ঞতা হতে পারে। সেখান থেকে আপনি অনেক শিশুতোষ বইও বিনামূল্যে ধার করতে পারেন।

# বই পড়ার সময় সম্পর্কিত প্রধান পরামর্শ

কেবল ঘুমানোর আগে নয়, যেকোনো সময়ই একটি বই হাতে নিন

নিরিবিলি একটি পরিবেশ খুঁজে বের করুন

ছবিগুলো নিয়ে কথা বলুন এবং কিছু বা সকল শব্দ পড়ুন

সন্তানকে প্রতিক্রিয়া দেখানোর সময় দিন

সন্তান যা বলে সেগুলোর পুনরাবৃত্তি করুন

বেশিক্ষণ ধরে একটানা পড়বেন না। সন্তান বিরক্ত হয়ে গেলে পড়া বন্ধ করে দিন

# একসাথে কেনাকাটা

**কেনাকাটা করতে বের হলে সেই সুযোগে বাচ্চার সাথে গল্প করতে পারেন এবং তাকে দেখাতে পারেন যে আমাদের চারপাশে সকল জায়গাতেই বর্ণ ও শব্দ ছড়িয়ে আছে।**



দোকানে দোকানে ঘুরে বেড়ানোর সময় আপনি যা দেখেন সেগুলো নিয়ে বাচ্চার সাথে কথা বলুন। যে জিনিসগুলো আপনি সংগ্রহ করছেন সেগুলোর বিবরণ দিন এবং বাচ্চাকেও একই কাজ করতে উৎসাহিত করুন। দোকানপাটের সাইন, লোগো আর লেবেলগুলো দেখান। এতে বাচ্চা বুঝতে পারবে বর্ণ ও শব্দ ব্যবহারের একটি উদ্দেশ্য আছে।

## জানা ভালো

আপনার সন্তান একটি বাজারের তালিকা বানাতে চাইতে পারে, বিশেষ করে যদি সে আপনার হাতে কোনো তালিকা দেখে। তাকে চিহ্ন দিতে বা প্রতিটি জিনিসের ছবি আঁকার জন্য উৎসাহিত করুন। প্রথমে হয়ত বাচ্চারা রেখা বা আকৃতিই আঁকবে।

# টেডির ঘুরতে যাওয়া

## আপনার সন্তানের সবচেয়ে প্রিয় খেলনা সাথে নিয়ে গল্প বলা।



গল্প বলার এই কাজটিতে কোনো বই থাকবে না। এতে বাচ্চারা নিজেদের গল্প বানাতে উৎসাহিত হবে। টেডি বা যেকোনো পুতুল অথবা বাচ্চার কোনো একটি পছন্দের খেলনা বাছাই করুন। খেলনাটিকে গল্পের প্রধান চরিত্র বানান।

গল্পের ধারণা নির্ধারণে আটকে গেলে একটি ট্রেন ভ্রমণের গল্প বানাতে চেষ্টা করুন।

### জানা ভালো

গল্প বানালে শিশুদের সৃজনশীলতা ও কল্পনাশক্তি প্রখর হয়।

**1** শুরু করুন খেলনাটির নাম আর তার থাকার জায়গা দিয়ে।

**2** তারপর এই শূন্যস্থানগুলো পূরণ করতে থাকুন।

**আমি একজন...**

**আমি ... তে বাস করি**

**আমি ... এর সাথে ভ্রমণ করছি**

**আমার সবচেয়ে ঘনিষ্ট বন্ধু হলো...**

**আমার ট্রেন আমাকে ... নিয়ে যাচ্ছে**

**পথে আমরা দেখতে পেলাম...**

গল্প এগুনোর সাথে সাথে নিজের ধারণা যোগ করুন। গল্পটা কতটুকু অযৌক্তিক বা হাস্যকর সেটা বিষয় নয়। গল্প বানানোটাই মজা এবং এর ফলে আপনার বাচ্চা কথা বলতে ও কল্পনাশক্তি কাজে লাগাতে শিখবে।

# টুইংকল টুইংকল লিটল স্টার

**সঙ্গীত সহ অনেক নার্সারি ছড়ার বই আপনি পাবেন। সঙ্গীত ও গান বাচ্চাকে খুব কম বয়সে ভাষার সাথে পরিচিত করিয়ে দেওয়ার এক অসাধারণ উপায়।**



আপনার সন্তানের মুখোমুখি বসুন এবং কিভাবে হাত নাড়িয়ে জ্বলজ্বলে তারার মতো করতে হয় তাকে দেখান। নার্সারি ছড়াটি তাকে গেয়ে শোনান এবং আঙ্গুল দিয়ে ডায়মন্ডের আকৃতি করুন।

## জানা ভালো

স্মৃতিশক্তি ও মনোযোগ বাড়াতে সঙ্গীত সাহায্য করে।
এটি মানসিক চাপও কমায় এবং বিষন্ন শিশুকে শান্ত করতে পারে।

টুইংকল টুইংকল লিটল স্টার
হাউ আই ওয়ান্ডার হোয়াট ইউ আর
আপ অ্যাবাভ দ্যা ওয়ার্ল্ড সো হাই
লাইক অ্যা ডায়মন্ড ইন দ্যা স্কাই
টুইংকল টুইংকল লিটল স্টার
হাউ আই ওয়ান্ডার হোয়াট ইউ আর

## জানা ভালো

নার্সারি ছড়াগুলোতে বিভিন্ন ধরনের শব্দ ও ভাষা থাকে বলে সেগুলো শুনলে বাচ্চাদের ভাষা, প্রাক-পাঠ ও প্রাক-লিখনী দক্ষতা বিকশিত হয়।

National Literacy Trust
Change your story

আপনার রুটিনে যোগ করার মতো আরো আনন্দদায়ক কাজের আইডিয়া আপনি পাবেন এখানে:

**wordsforlife.org.uk**
**nhs.uk/start-for-life/early-learning-development**

## ন্যাশনাল লিটারেসি ট্রাস্ট সম্পর্কে

ন্যাশনাল লিটারেসি ট্রাস্ট হলো একটি স্বাধীন দাতব্য প্রতিষ্ঠান যা শিশু, তরুণ ও প্রাপ্তবয়স্ক ব্যক্তিদেরকে সফলতার জন্য প্রয়োজনীয় সাক্ষরতা অর্জনে সহযোগিতা করে।

সাক্ষরতা সবকিছু বদলে দেয়। সাক্ষরতা জীবনের সর্বোচ্চ উপযোগ ব্যবহার করার এবং ভবিষ্যত সাজানোর উপায় বলে দেয়। এটি আপনার কাঙ্খিত জীবনের দরজা উন্মুক্ত করে। তবে নিম্ন সাক্ষরতার হার ওতপ্রোতভাবে দারিদ্র্যের সাথে সম্পর্কিত। গত 30 বছর ধরে আমরা ঐ সকল লোকের সাথে স্থানীয় ও জাতীয় পর্যায়ে কাজ করে যাচ্ছি যাদের স্কুল, পরিবার ও কমিউনিটি বিষয়ক সহায়তার জন্য আমাদেরকে সবচেয়ে বেশি প্রয়োজন।

আমাদেরকে পাবেন Facebook **/nationalliteracytrust**
প্রাক্তন টুইটার ও বর্তমান X-এ আমাদেরকে ফলো করুন **@Literacy_Trust**
ইনস্টাগ্রামে আমাদেরকে ফলো করুন **@Literacy_Trust**
ইমেইলে আমাদের ফ্রি নিউজলেটার পেতে সাইন আপ করুন **literacytrust.org.uk/register**

এর সাথে অংশীদারিত্বে

Better Health Start for Life

© ন্যাশনাল লিটারেসি ট্রাস্ট ইংল্যান্ড ও ওয়েলসে নিবন্ধিত একটি দাতব্য প্রতিষ্ঠান যার নম্বর 1116260 এবং একটি লিমিটেড কোম্পানি যার গ্যারান্টি নম্বর 5836486 এবং স্কটল্যান্ডে SC042944 নম্বরে নিবন্ধিত একটি দাতব্য প্রতিষ্ঠান।